

BACHELOR OF ARTS EXAMINATION, 2023

(3rd Year, 6th Semester)

COMPARATIVE LITERATURE

Course- UG/CL/DSE/6.4G

(Chhanda o Alankara)

Full Marks: 30

Time: Two Hours

নির্দেশ অনুসারে উত্তর দাও।

ডান দিকের সংখ্যা প্রশ্নের মান নির্দেশক।

১। নিচের যে কোনও দুটির উদাহরণসহ সংজ্ঞা দাও। (২.৫ x ২ = ৫)

ক) মহাপয়ার, খ) মাত্রা, গ) রূপদর্শন, ঘ) মুক্তক ও ঙ) কলা

২। নিচের যে কোনও দুটির পর্ববিভাগ ও ছন্দ নির্ণয় করো। (৫ x ২ = ১০)

ক) বাদুড় বলে, "ওরে ও ভাই সজারু,
আজকে রাতে দেখবে একটা মজারু-
আজকে হেথায় চামচিকে আর পেঁচারি
আসবে সবাই, মরবে হাঁদুর বেচারি।

খ) মনে পড়ে কবেকার পাড়াগাঁর অরুণিমা সান্যালের মুখ;
উড়ুক উড়ুক তা'রা পউষের জ্যোৎস্নায় নীরবে উড়ুক
কল্পনার হাঁস সব; পৃথিবীর সব ধ্বনি সব রং মুছে গেলে পর
উড়ুক উড়ুক তা'রা হৃদয়ের শব্দহীন জ্যোৎস্নার ভিতর।

গ) আসতে যেতে এখনও পড়ে চোখ
রেলিংএ আর দেখিনা নীল শাড়ি
কোথাও যেন জমেছে কিছু শোক
ভেঙেছে খেলা সহসা দিয়ে আড়ি
এখন সব স্তব্ধ নিরালোক
অন্ধকারে ঘুমিয়ে আছে বাড়ি

ঘ) সবসময় কি ভালোই বলবে লোকে?
মন্দ কথাও শুনতে হবে কিছু।
তাই বলে কি ভেঙে পড়বে শোকে?
তাতেই এমন মাথা করবে নিচু?

[Turn over

ঙ) কবিবর, কবে কোন বিন্দুত বরষে
কোন পুণ্য আষাঢ়ের প্রথম দিবসে
লিখেছিলে মেঘদূত। মেঘমল্ল শ্লোক
বিশ্বের বিরহী যত সকলের শোক
রাখিয়াছে আপন আঁধার স্তরে স্তরে
সঘন সঙ্গীত মাঝে পুঞ্জীভূত ক'রে।

৩। নিচের যে কোনও দুটি'র উদাহরণসহ সংজ্ঞা দাও।

(২.৫ x ২ = ৫)

ক) পূর্ণোপমা, খ) সমাসোক্তি, গ) যমক, ঘ) বিরোধভাস ও ঙ) সর্বানুপ্রাস

৪। নিচের যে কোনও দুটি'র অলঙ্কার চিহ্নিত করে ব্যাখ্যা করো।

(৫ x ২ = ১০)

ক) "প্রশ্ন- দ্বিজ হ'য়ে কেন কর বারুণী সেবন?

উত্তর- রবির ভয়েতে শশী করে পলায়ন।" -(প্রচলিত)

খ) "শীতের ওচনী পিয়া গিরীষের বা।

বরিষার ছত্র পিয়া দরিয়ার না'।।"-(বিদ্যাপতি)

গ) "লঙ্কার পঙ্কজরবি গেলা অন্তাচলে" -(মধুসূদন দত্ত)

ঘ) "বৈরাগ্য সাধনে মুক্তি, সে আমার নয়।

অসংখ্য বন্ধনমাঝে মহানন্দময়

লভিব মুক্তির স্বাদ।" -(রবীন্দ্রনাথ ঠাকুর)

ঙ) "সাগরে যে অগ্নি থাকে কল্পনা সে নয়,

চক্ষু দেখে অবিশ্বাসীর হয়েছে প্রত্যয়।" -(সত্যেন্দ্রনাথ দত্ত)